ইউটিউবে এক ‘তেরে বিন’এর আয় শত কোটি

বর্তমান সময়ে বিনোদন জগতের অন্যতম প্রধান আয়ের উৎস হয়ে উঠেছে ইউটিউব। ওটিটির (ওভার দ্য টপ) রমরমা যুগেও দাপিয়ে রাজত্ব করছে ভিডিও শেয়ারিং সাইট ইউটিউব। সব দেশের মত পাকিস্তানের নাটক নির্মাতাদের কাছেও অন্যতম পছন্দের জায়গা ইউটিউব। সম্প্রতি দেশটির জনপ্রিয় ধারাবাহিক নাটক ‘তেরে বিন’-এর ইউটিউব থেকে আয়ের তথ্য প্রকাশিত হয়েছে।

স্টার্টআপ পাকিস্তানের প্রতিবেদনে বলা হয়েছে, ‘তেরে বিন’ প্রতিটি পর্বে লাখ লাখ ভিউ পেয়েছে। শুধু এই নাটক থেকেই এর ইউটিউব চ্যানেল আয় করেছে এক বিলিয়ন পাকিস্তানি রুপি। এটি চ্যানেলের আয়ে ব্যাপক অবদান রেখেছে।

পাকিস্তানের জিও টিভিতে প্রচারিত একটি রোমান্টিক সিরিজ ছিল ‘তেরে বিন’। এটি সেভেন্থ স্কাই এন্টারটেইনমেন্টের ব্যানারে প্রযোজনা করেন আবদুল্লাহ কাদওয়ানি ও আসাদ কুরেশি। গত ৬ জুলাই মুর্তসিম ও মেরুবের মিলনের মধ্য দিয়ে নাটকটির প্রচার শেষ হয়।

জনপ্রিয় এই ধারাবাহিক নাটকটি মোট ৫৮টি পর্বে নির্মিত হয়েছে। নুরান মাখদুমের লেখা গল্পে অভিনয় করেছেন ইউমনা জাইদি ও ওয়াহাজ আলী।

আবারও বলিউডে ফিরছেন আমিরের সেই বিদেশি প্রেমিকা

বলিউডের কালজয়ী সিনেমা আমির খানের ‘লগান’ দেখেননি, এমন সিনেমাপ্রেমী হয়ত কমই আছেন। এই সিনেমার ভিনদেশি চরিত্র ‘এলিজাবেথ’ কে নিশ্চই মনে আছে! যিনি কিনা ভারতীয় যুবক ‘ভূবন’ আর্থাৎ আমির খানকে ভালোবেসে ফেলেছিল। আমিরের সেই বিদেশি

প্রেমিকা ব্রিটিশ অভিনেত্রী রেচেল শেলি দীর্ঘ ২২ বছর পর আবারও ফিরছেন বলিউডে। সুদীপ শর্মা পরিচালিত ওয়েব সিরিজ ‘কোহরা’-তে অভিনয় করেছেন তিনি। সম্প্রতি এই সিরিজের ট্রেলার মুক্তি পেয়েছে।

হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, পরিচালক সুদীপ শর্মার হাত ধরে বলিউডে ফিরছেন ‘লগান’-এর বিদেশি আভিনেত্রী রেচেল শেলি। তার ওয়েব সিরিজ ‘কোহরা’-তে রেচেল শেলিকে নেওয়ার বিষয়ে পরিচালক সুদীপ শর্মা বলেন,‘আমি এমন কোনও ব্রিটিশ অভিনেত্রীকে চেয়েছিলাম, যিনি ভারতীয় শ্যুটিং স্টাইল, কাজকর্মের সঙ্গে পরিচিত।’ এছাড়া আমার ওয়েব সিরিজের বাজেটও কম ছিল। তাই নামী, ভীষণ খ্যতনামা কাউকে নেওয়া সম্ভব ছিল না। আর যেহেতু রেচেল এখানে আগে কাজ করেছেন, তাই ওর কাছেই এই কাজের প্রস্তাব রেখেছিলাম। আর উনি যেহেতু লগানে কাজ করেছেন, তাই জানেন যে এখানে শ্যুটিংয়ে কেমন পাগলামো চলে।

থ্রিলার ঘরানার এই ওয়েব সিরিজটির শ্যুটিং হয়েছিল কোভিড পিরিয়ডে। রেচেল ছাড়াও এতে অভিনয় করছেন সুবিন্দর ভিকি, বরুন সোবতি, বরুণ বাদোলা, হারলিন শেঠি এবং মনীশ চৌধুরীর মতো অভিনেতারা। ১৫ই জুলাই নেটফ্লিক্সে মুক্তি পাবে ‘কোহরা’।

‘লগান’ ছাড়াও দ্য কলিং, ’লাইটহাউস সহ বহু ইংরাজি সিনেমায় অভিনয় করেছেন অভিনেত্রী রেচেল শেলি।

সূত্র: হিন্দুস্তান টাইমস

মা হারালেন মিঠুন চক্রবর্তী

মা হারালেন ভারতের বাংলা ও হিন্দি সিনেমার খ্যাতিমান অভিনেতা মিঠুন চক্রবর্তী। শুক্রবার (৭ জুলাই) শেষ নিশ্বাস ত্যাগ করেন মিঠুন চক্রবর্তীর মা। খবরটি নিশ্চিত করেন মিঠুনের ছোট ছেলে নমশি চক্রবর্তী। করোনা মহামারির সময় বাবাকে হারান মিঠুন চক্রবর্তী। এবার মমতাময়ী মা শান্তিরানি চক্রবর্তীকে হারালেন।

অভিনেতার মায়ের মৃত্যুর খবরটি ছড়িয়ে পড়লে নানা রকম বিভ্রান্তি তৈরি হয়। খবরের সত্যতা নিশ্চিত করে ভারতীয় গণমাধ্যমে নমশি বলেন,

‘হ্যাঁ, খবরটা সত্য। ঠাকুমা আর আমাদের মাঝে নেই।’

অভিনেতার মায়ের মৃত্যুর খবরে শোকপ্রকাশ করেছেন শোবিজের সব তারকাসহ তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুণাল ঘোষ। তিনি টুইট করে লেখেন, মাতৃবিয়োগের জন্য মিঠুন চক্রবর্তীকে জানাই আন্তরিক সমবেদনা। আশা করি, মিঠুন দা ও তার পরিবার এই গভীর শোক সামলে উঠবেন।

যদিও কুণাল-মিঠুনের রাজনৈতিক অবস্থান একেবারেই ভিন্ন। অতীতে বিভিন্ন সময় একে অপরকে কড়া সমালোচনা করতে ছাড়েননি তারা। তবুও তার এই দুঃসময়ে সমবেদনা জানাতে ভোলেননি কুণাল।

বর্তমানে মিঠুন চক্রবর্তীকে দেখা যাচ্ছে ‘ডান্স বাংলা ডান্স’-এ। দীর্ঘদিন পর ফের এই রিয়েলিটি শোয়ের মাধ্যমে বাংলা টেলিভিশনে ফিরছেন এই অভিনেতা।

সূত্র: আনন্দবাজার

লাভ নয় নিজের ‘লাস্ট স্টোরি’ শোনালেন বিদ্যা বালান

অভিনেত্রী বিদ্যা বালান বলিউডের প্রযোজক সিদ্ধার্থ রায় কাপুরের সঙ্গে প্রেম করেই গাঁটছড়া বেঁধেছিলেন। পেশাগত জীবন নিয়ে যতটা খোলামেলা বিদ্যা, ব্যক্তিগত জীবন নিয়ে সাধারণত জনসমক্ষে আলোচনা এড়িয়েই যান বিদ্যা। কিন্তু এতদিন পর অভিনেত্রী নিজেই ফাঁস করলেন সিদ্ধার্থের সঙ্গে তার প্রেমকাহিনি নাকি আদপে ‘লাভ স্টোরি’ নয়, ‘লাস্ট স্টোরি’! সম্প্রতি এক সাক্ষাৎকারে সিদ্ধার্থ ও বিদ্যার রসায়নের এমন খবরে হইচই শুরু হয়েছে সিনেমা পাড়ায়।

ইন্ডিয়া টুডের প্রতিবেদন অনুযায়ী, সম্প্রতি এক সাক্ষাৎকারে বিদ্যা জানান, সিদ্ধার্থ রায় কাপূরের সঙ্গে প্রথম দেখায় তিনি প্রেমে পড়ে যাননি বিদ্যা। সিদ্ধার্থের সঙ্গে তার প্রেমের গল্প বরং অনেকটা ‘লাস্ট স্টোরি’র মতো। বিদ্যা জানান, ‘সিদ্ধার্থের

ব্যাপারে আমার মানসিক সংযোগ ছিল। তবে এটি একটি শারীরিক আকর্ষণ দিয়ে শুরু হয়। তিনি দেখতে খুবই আকর্ষণীয়। আমার চোখে সবচেয়ে সুন্দর পুরুষ সিদ্ধার্থ। সবাই তার জীবনসঙ্গীর মাঝে মা-বাবাকে খুঁজেন। সিদ্ধার্থ ঠিক তেমনই একজন মানুষ। তিনি খুব কেয়ারিং। তার এই বিষয়টি আমাকে সবচেয়ে বেশি আকৃষ্ট করেছিল’।

সম্প্রতি হিউম্যানস অব বোম্বেকে দেওয়া এক সাক্ষাৎকারে বিদ্যা বলেছিলেন, ‘আমি আর সিদ্ধার্থ, করণের বাড়িতে একসাথে একটি পার্টিতে গিয়েছিলাম। আমাদের সম্পর্কে মধ্যে করণ কিউপিডের ভূমিকা পালন করেছেন। করণ আমাদের তার বাড়িতে একটি পার্টিতে আমন্ত্রণ জানিয়েছিলেন। এরপর আমি তার বাড়িতে গেলাম। সে সময় আমি একটু লাজুক প্রকৃতির ছিলাম। কিছুক্ষণ পর সিদ্ধার্থও আসল। আমরা তখন একসাথে আড্ডা দিলাম। এভাবেই আমাদের পরিচয় হয়ে গেল’।

বলিউডের অন্যতম শক্তিশালী অভিনেত্রী বিদ্যা। ‘দ্য ডার্টি পিকচার’, ‘কাহানি’, ‘জলসা’, ‘শেরনি’-র মতো সিনেমায় রয়েছে তার অভিনয় দক্ষতার ছাপ। বলিউডে নারীকেন্দ্রিক সিনেমার জোয়ার আসার অনেক আগে থেকেই বলিষ্ঠ নারীর চরিত্রে অভিনয় করেছেন বিদ্যা বালান। পেশাগত জীবনে তার সিনেমা নির্বাচন নিয়েও একাধিক বার প্রশ্ন উঠেছে। ‘দ্য ডার্টি পিকচার’ সিনেমার সমালোচনার মুখেও পড়তে হয়েছে তাকে। সহজাত ভঙ্গিতে সব সমালোচনার উত্তরও দিয়েছেন বিদ্যা।

‘ইউটিভি মোশন পিকচার্স’-এর কর্তা সিদ্ধার্থের সঙ্গে ইতিমধ্যেই এক দশকের বেশি সংসার করে ফেলেছেন বিদ্যা। সিদ্ধার্থকে বিয়ে করার পরে ব্যক্তিগত জীবনে অনেক বেশি গোছানো অভিনেত্রী। পেশাদার জীবনেও এই মুহূর্তে বেশ আত্মবিশ্বাসী অভিনেত্রী। চলতি মাসেই ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পেতে চলেছে তার আগামী সিনেমা ‘নিয়ত’।

সূত্র: ইত্তেফাক

সময়ের সঙ্গে সঙ্গে ‘না’ বলার

ক্ষমতা আমার রয়েছে: রেখা

বলিউডের এভারগ্রিন অভিনেত্রী রেখা সবসময়ই ব্যক্তিগত জীবন নিয়ে আলোচনাকে এড়িয়ে চলেন। সম্প্রতি এক ম্যাগাজিনে ব্যক্তিগত ও পেশাগত জীবন নিয়ে অনেক অজানা কথা ভাগ করে নিলেন বলিউডের ‘উমরাও জান’।

হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, এই ম্যাগাজিন সাক্ষাৎকারে রেখা জানান, ‘আজকের দিনে তরুণ প্রজন্মের মধ্যে অসাধারণ দক্ষতা রয়েছে, ওরা খুব প্রতিভাবান। আমি ওদের পথচলার শুরুটা দেখে খুব খুশি হই। আমার আনন্দ লাগে এই উত্থানটা দেখতে। আমার সঙ্গে ওরা একাত্ম হতে পারে দেখে ভালো লাগে, যেখানে আমার প্রজন্মের কত অভিনেত্রীকে নতুনরা আজ ভুলে গিয়েছে। ওরা কিন্তু আমার কাজকে মান্যতা দেয়, যা অল্প-স্বল্প কাজ এখন আমি করি, সেটাও এই শিল্পের প্রতি ভালোবাসা থেকেই।’ কেন অভিনয় থেকে দূরে রয়েছেন এমন প্রশ্নে তার জবাব- ‘সময়ের সঙ্গে সঙ্গে এখন ‘না’ বলার ক্ষমতা আমার রয়েছে’।

এদিকে একই সাক্ষাৎকারে রেখাকে নিয়ে বর্তমান বলি তারকাদের মতামতও উঠে এসেছে। সেখানে শাহরুখ খান জানান ‘রেখার ক্যারিশ্মা তুলনাহীন’, দীপিকা জানান, ‘রেখার ব্যক্তিত্ব একদম চুম্বকের মতো। ওনার একটা চাউনিতেই সমস্ত দর্শক মন্ত্রমুগ্ধ হয়ে যায়, ওনার পারফর্ম্যান্স নিঃসন্দেহে আমাদের জন্য মাস্টারক্লাস’।

ম্যাগাজিনটির কভারশ্যুটে কাঞ্জিভরাম শাড়িতেই লেন্সবন্দি হয়েছেন রেখা। সঙ্গে হিরের গয়না, সিঁথি রাঙানো সিঁদুরে, মুখে বয়সের ছাপ নেই একবিন্দুও ।

সত্তর ও আশির দশকে হিন্দি সিনেমায় একচেটিয়া রাজত্ব করেছেন রেখা। ‘উমরাও জান’ সিনেমার জন্য জাতীয় পুরস্কার ঝুলিতে যায় তার। এছাড়াও ‘খুবসুরত’, ‘ঘর’, ‘জুদাই’, ‘খুন ভরি মাংগ’, ‘সিলসিলা’-র মতো অজস্র হিট ছবিতে অভিনয় করেছেন রেখা।

বড়পর্দা থেকে দীর্ঘদিন গায়েব রয়েছেন রেখা। ২০১৫ সালে আর বাল্কি-র ‘শামিতাভ’ সিনেমায় শেষ অভিনয় করেছিলেন তিনি। পরে ‘ইয়ামলা পাগলা দিওয়ানা: ফির সে’ সিনেমাতে একটি গানে দেখা মেলে রেখার।

তবে সম্প্রতি স্টার প্লাসের জনপ্রিয় মেগা সিরিয়াল ‘গুম হ্যায়

কিসি কি প্যায়ার মে’র প্রচার ঝলকে দেখা মিলেছে রেখার। এই শো-এর সঙ্গে ওতোপ্রোতভাবে জড়িয়ে রেখা।

৪৩ বছরের ছোট বান্ধবীর সঙ্গে বাগদান সারলেন মিক জ্যাগার

৭৯ বছর বয়সে বাগদান সারলেন ‘দ্য রোলিং স্টোনস’ তারকা মিক জ্যাগার। যদিও এই রকস্টারের বান্ধবী মেলানি হ্যামরিকের বয়স মাত্র ৩৬।

গত নয় বছর ধরে প্রেম করছেন মিক ও মেলানি। অবশেষে নিজেদের সম্পর্কের পরবর্তী অধ্যায়ে সূচনা করলেন যুগল। মিক-মেলানির এমন সিদ্ধান্তে খুশি তাদের পরিবারও।

২০১৪ সাল থেকে মিক জ্যাগারের সঙ্গে সম্পর্কে রয়েছেন মেলানি। ২০১৬ সালে মেলানির অন্তঃসত্ত্বা হওয়ার খবর সামনে এসেছিল। অষ্টমবার বাবা হয়েছিলেন মিক। আশ্চর্যের কথা হলো, মিকের প্রথম ও অষ্টম সন্তানের বয়সের ব্যবধান ৪৫ বছর।

মিক জ্যাগারের প্রথম সন্তানের নাম ক্যারিস হ্যান্ট। তার বয়স এখন ৫৩ বছর, জ্যাগারের বড় মেয়ে জেডের বয়স এখন ৫২ বছর! তবে সম্পর্কের মারপ্যাঁচে কোনোদিনই হারিয়ে যাননি মিক, বরং নিজেকে নতুন করে আবিষ্কার করেছেন। প্রেমিকা মেলানি ও তাদের ছয় বছর বয়সি সন্তান ডেভেরাক্স নিয়েই সুখেই কাটছিল দিন, এবার সম্পর্ককে আরও একধাপ এগিয়ে নিলেন শিল্পী।

সম্প্রতি এক অনুষ্ঠানে মেলানির হাতে কোটি টাকার হিরার আংটি জ্বলজ্বল করতে দেখা গিয়েছে। ঘনিষ্ঠমহলে এনগেজমেন্টের ঘোষণাও সেরে ফেলেছেন মেলানি।

জুটির এক ঘনিষ্ঠ সূত্র জানায়, ‘তারা বাগদান সেরে ফেলেছেন। এখন তারা হবু বর-বউ। ওদের পরিবারও এই সম্পর্কে সম্মতি দিয়েছে।’

সূত্র : যুগান্তর

আজ বিকেলে ‘মিশন জ্যাকপট’

চ্যানেল আইতে আজ বিকেল ৪টা ৩০ মিনিটে প্রচার হবে টেলিফিল্ম ‘মিশন জ্যাকপট’। এটি রচনা করেছেন ফাহরিয়ান চৌধুরী তন্ময় এবং পরিচালনায় রয়েছে সকাল আহমেদ। অভিনয় করেছেন ইয়াশ রোহান, তানিয়া বৃষ্টি প্রমুখ।

গল্পের শুরুতেই দেখা যাবে, জয়নাল নামের এক লোক গাড়ি পার্ক করতে এসে আরেকটি গাড়ির জন্য অন্য পার্ক করতে পারে না। গাড়ি থেকে নেমে জয়নাল সেই গাড়ির সামনে এসে দেখে ভেতরে কেউ নেই, গাড়ির গ্লাসে একটা স্টিকার লাগানো। সেখানে লেখা ‘ইমার্জেন্সি কল’। তারপর নিচে একটা মোবাইল নম্বর। জয়নাল সেই নম্বরে কল দিলে হাবিব নামের এক লোক এসে অত্যন্ত লজ্জিত হয়ে বারবার সরি বলে এবং জয়নালকে চায়ের অফার দিয়ে এক কাপ চা ধরিয়ে দিয়ে জয়নালের থেকে চাবি নিয়ে হাবিবের পাশে দাঁড়ানো।

হাবিবের ড্রাইভার কামালকে চাবি দিয়ে বলে যে, হাবিব ও জয়নালের গাড়ি ঠিকমত পার্ক করে যেন চাবি দিয়ে যায়। হাবিব ও জয়নাল চা খেতে খেতে কথা বলতে থাকে। কিন্তু ১০ মিনিট হয়ে গেলেও কামাল আর চাবি নিয়ে আসে না। ঘটতে থাকে নানা ঘটনা।

সূত্র : ইত্তেফাক

---

৭ জুলাই যুক্তরাষ্ট্র ও

কানাডায় মুক্তি পাচ্ছে ‘প্রিয়তমা’

ঈদুল আজহায় ১০৫ প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে শাকিব খান অভিনীত ‘প্রিয়তমা’ সিনেমাটি। মুক্তির দ্বিতীয় দিনেই সুখবর বয়ে আনলো ‘প্রিয়তমা’। আগামী ৭ জুলাই যুক্তরাষ্ট্র ও কানাডায় মুক্তি পাবে এটি। সিনেমাটির পরিচালক হিমেল আশরাফ গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।

হিমেল আশরাফ বলেন, এই সিনেমা যুক্তরাষ্ট্র ও কানাডায় আগামী ৭ জুলাই থেকে আপনাদের পাশের প্রেক্ষাগৃহে দেখতে পাবেন। খুব শিগগিরই হল লিস্ট দেওয়া হবে। আমি নিজে যুক্তরাষ্ট্র প্রবাসী। সেখানকার সকল বাংলাদেশিকে অনুরোধ করবো সিনেমাটি দেখতে।

যুক্তরাষ্ট্রের পর পর্যায়ক্রমে মধ্যপ্রাচ্য, ইউরোপ, অস্ট্রেলিয়া, মালয়েশিয়া ও ভারতেও ‘প্রিয়তমা’ মুক্তি পাবে বলে জানান তিনি।

সূত্র: ইত্তেফাক

‘ব্লাইন্ড’ নিয়ে ফিরছেন সোনম কাপুর

মা হওয়ার পর প্রথম পর্দায় ফিরছেন বলিউড অভিনেত্রী সোনম কাপুর। আগামী মাসেই ওটিটিতে মুক্তি পেতে চলেছে সোনম অভিনীত সিনেমা ‘ব্লাইন্ড’। সম্প্রতি পরিচালক সোম মাখিজা সামাজিক যোগাযোগ মাধ্যমে সোনম কাপুরের কয়েকটি ছবি পোস্ট করে তার ক্যাপশনে লিখেছেন, ‘অন্ধদের জগতের এক ঝলক’।

হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, সোম মাখিজার পরিচালনায় সোনম অভিনীত ‘ব্লাইন্ড’ সিনেমাটি জিও সিনেমায় আগামী ৭ জুলাই মুক্তি পাবে। মাখিজা পরিচালিত এই সিনেমাতে সোনম ছাড়াও আরও দেখা

যাবে পূরব কোহলি, বিনয় পাঠক, লিলেট দুবে এবং শুভম সরফকে।

জানা যায়, ‘ব্লাইন্ড’ মূলত ক্রাইম থ্রিলার। সিনেমায় পুলিশের চরিত্রে অভিনয় করেছেন সোনম কাপুর। একটি অ্যাকসিডেন্টে চোখের দৃষ্টি হারান সোনম। আর দৃষ্টিহীন অবস্থাতেই কীভাবে তিনি একজন সিরিয়াল কিলারকে ধরবেন সেই গল্পই দেখা যাবে পর্দায়।

সোনম কাপুরকে শেষ দেখা গিয়েছিল ২০১৯ সালে ‘দ্য জোয়া ফ্যাক্টর’ সিনেমায়। এর পর ২০২০ সালে ‘একে বনাম একে’ ছবিতে একটি ক্যামিও চরিত্রে অভিনয় করেছেন তিনি।

সূত্র: ইত্তেফাক

এক যুগ পর জুটি বাঁধবেন শাহরুখ-ফারহা

ফারহা খানের পরিচালনায় শাহরুখ খান মানেই যেন সিনেমা সুপারহিট। তাদের ম্যায় হুঁ না’, ‘ওম শান্তি ওম’, ‘হ্যাপি নিউ ইয়ার’-এর মতো সফল সিনেমার পর এ জুটির সিনেমা দেখতে একদশক থেকে যেন মুখিয়ে রয়েছেন ভক্তরা। এবার সেই সুখবরই দিলেন এই পরিচালক-অভিনেতা জুটি। খুব শিগগিরই আবারও জুটি বাঁধতে যাচ্ছেন তারা।

ইন্ডিয়াটুডের প্রতিবেদন অনুযায়ী, প্রায় এক দশক পর জুটি বাঁধতে চলেছেন ফারহা খান এবং শাহরুখ খান। মূলধারার বাণিজ্যিক সিনেমার প্রযোজনার জন্য শাহরুখের সংস্থা রেড চিলিজ এন্টারটেইনমেন্টের কথা ভেবেছেন দুজনেই। ইতোমধ্যেই ফারহার সঙ্গে প্রাথমিক একটি চুক্তিও করে ফেলেছে রেড চিলিজ।

জানা যায়, ‘পাঠান’-এর সাফল্য ও ‘জওয়ান’ নিয়ে অনুরাগীদের উন্মাদনার পর সর্বভারতীয় দর্শকের কাছে গ্রহণযোগ্য হবে, এমন সিনেমার দিকেই আপাতত বেশি ঝুঁকছেন বলিউড বাদশা। সে কারণে ফারহান আখতারের ‘ডন ৩’ সিনেমাকেও না বলেছেন তিনি।

আপাতত অ্যাটলির ‘জওয়ান’ ও আরিয়ান খানের ‘স্টারডম’-এর প্রযোজনায়

ব্যস্ত রেড চিলিজ। সেই কাজ শেষ করে তবেই নতুন প্রজেক্টে হাত দেওয়ার পরিকল্পনা রয়েছে।

সূত্র : ইন্ডিয়াটুড